ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

# পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ

## ৭-১২ ডিসেম্বর ২০১৯

"পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি কৈশোরকালীন মাতৃত্ব রোধ করি"

বাংলাদেশে মেয়েদের বিয়ের গড় বয়স বর্তমানে ১৬.৮ বছর যদিও বিবাহের আইনগত বয়স মেয়েদের ১৮ বছর ও ছেলেদের ২১ বছর। বিডিএইচএস ২০১৪ অনুযায়ী ২০-২৪ বছর বয়সী নারীদের শতকরা ৫৯% এর বিয়ে ১৮ বছর বয়সের আগেই হয়ে যায় যা বিশ্বে চতুর্থ। বাংলাদেশের ১৫-১৯ বছরের কিশোরীদের ৩১% গর্ভবতী হয় এবং ১৯ বছরের মধ্যে ৫৯% কিশোরী দ্বিতীয় বারের জন্য মা বা গর্ভবতী হন। ফলে, কিশোরীদের নানাবিধ অনাকাঙ্খিত স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন হতে হয়, এমনকি মৃত্যুও হতে পারে। বাল্য বিয়ে, কৈশোরকালীন মাতৃত্ব, কিশোরী মায়ের গর্ভে শিশুর বৃদ্ধি ব্যাহত হওয়ার ঝুঁকি, মৃত সন্তান প্রসব, অপরিপক্ক প্রসব, নিম্ন জন্ম ওজনের শিশু, প্রজননতন্ত্রের সংক্রমণ ইত্যাদি কারণে কিশোরী মেয়েরা স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে।

কৈশোর-বান্ধব সেবা কেন্দ্র থেকে কিশোর-কিশোরীদের প্রযোজ্য ক্ষেত্রমতে, বাল্য বিয়ে পরিহার, দেরীতে গর্ভধারণ, সহিংসতা প্রতিরোধ, পুষ্টিমান ও মানসিক স্বাস্থ্য সংরক্ষণ, পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান করা হয়। এ সকল কেন্দ্র থেকে যৌন ও প্রজননতন্ত্রের সংক্রমণের চিকিৎসা, মাসিক সংক্রান্ত সমস্যা ও ব্যবস্থাপনা, রক্তস্বল্পতার চিকিৎসা ও আয়রন-ফলিক এসিড ট্যাবলেট বিতরন, গর্ভ সংক্রান্ত সেবা ও ব্যবস্থাপনা, টিটি টিকা, সাধারণ রোগের চিকিৎসা, পরিবার পরিকল্পনা (সক্ষম দম্পতি) সেবা সমূহ প্রদান করা হচ্ছে।




## এছাড়াও গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রমগুলো নিম্নরূপঃ

- কিশোর-কিশোরীদের মাঝে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধি।
- বিদ্যালয় স্বাস্থ্য, জনসংখ্যা, পুষ্টি ও শিক্ষা কার্যক্রম জোরদার করার জন্য কারিকুলাম প্রণয়ন পূর্বক প্রশিক্ষক প্রশিক্ষণ।
- যুবক-যুবতীদের বিবাহ বিষয়ে সঠিক পরিকল্পনা ও বিবাহ পরবর্তী সুখী দাম্পত্য জীবন যাপনে সহায়তার জন্য প্রাক-বৈবাহিক কাউন্সেলিং।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরে 'সুখী পরিবার কল সেন্টার' যার নম্বর ১৬৭৬৭ স্থাপন করা হয়েছে, যেখান থেকে ২৪/৭ মা-শিশুস্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদান করা হয়।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

UNFPA
জাতিসংঘ জনসংখ্যা তহবিল

প্রয়োজনীয় পরামর্শ পেতে
# ডায়াল করুন ১৬৭৬৭

সুখী পরিবার
১৬৭৬৭
২৪ ঘন্টা সেবা
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

## পরিবার পরিকল্পনা ও কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ও সেবা পেতে নিচের সেবাকেন্দ্র ও সেবাদানকারীদের সাথে যোগাযোগ করুন

| সেবাকেন্দ্র | সেবা প্রদানকারী | প্রদত্ত সেবা সমূহ |
|---|---|---|
| পরিবার পরিকল্পনা ক্লিনিক, জেলা সদর হাসপাতাল | ➤ পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) | • পরিবার পরিকল্পনা সেবা<br>• মা ও শিশুস্বাস্থ্য<br>• কৈশোর প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্যশিক্ষামূলক সেবা<br>• রেফারেল সেবা: প্রয়োজনে যে কোনো রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ |
| মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (MCHTI) আজিমপুর, ঢাকা | ➤ কনসালটেন্ট<br>➤ মেডিকেল অফিসার-ক্লিনিক (MO-Clinic)<br>➤ নার্স | • রোগ প্রতিরোধ ও চিকিৎসামূলক শিশুস্বাস্থ্য সেবা<br>• সমন্বিত জরুরি প্রসূতি সেবাসহ স্ত্রীরোগ ও প্রসবজনিত রোগ প্রতিরোধ ও চিকিৎসামূলক সেবা<br>• পরিবার পরিকল্পনা, ল্যাবরেটরী ও অ্যানেসথেসিয়া সেবা<br>• সাধারণ সেবা |
| মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (MFSTC), ঢাকাএ (MCHTI) আজিমপুর, ঢাকা | ➤ কনসালটেন্ট<br>➤ মেডিকেল অফিসার-ক্লিনিক (MO-Clinic)<br>➤ নার্স | • মা ও শিশুস্বাস্থ্য<br>• পরিবার পরিকল্পনা<br>• বন্ধ্যাত্বজনিত চিকিৎসা<br>• পরিবার পরিকল্পনা, ল্যাবরেটরী ও অ্যানেসথেসিয়া সেবা<br>• সাধারণ সেবা |
| মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC): জেলা পর্যায়ে | ➤ মেডিকেল অফিসার-ক্লিনিক (MO-Clinic)<br>➤ নার্স | • পরিবার পরিকল্পনা সেবা<br>• সমন্বিত জরুরি প্রসূতি সেবাসহ মা ও শিশুস্বাস্থ্য সেবা<br>• সাধারণ সেবা<br>• কৈশোর প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্যশিক্ষামূলক সেবা<br>• রেফারেল সেবা: প্রয়োজনে যে কোনো রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ |
| উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মা ও শিশুস্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা ইউনিট (MCH-FP Unit) | ➤ মেডিকেল অফিসার- মা ও শিশু স্বাস্থ্য-পরিবার পরিকল্পনা (MO-MCH-FP)<br>➤ পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) | • পরিবার পরিকল্পনা এবং মা ও শিশুস্বাস্থ্য সেবা<br>• সাধারণ রোগী<br>• কৈশোর প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্য শিক্ষামূলক সেবা<br>• রেফারেল সেবা: প্রয়োজনে যে কোনো রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ |
| ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) | ➤ পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)<br>➤ উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) | • পরিবার পরিকল্পনা সেবা<br>• মা ও শিশুস্বাস্থ্য<br>• কৈশোর প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্যশিক্ষামূলক সেবা<br>• রেফারেল সেবা: প্রয়োজনে যে কোনো রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ |
| স্যাটেলাইট ক্লিনিক | ➤ পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)<br>➤ পরিবার কল্যাণ সহকারি (ঋডঅ) | • পরিবার পরিকল্পনা সেবা<br>• মা ও শিশুস্বাস্থ্য<br>• কৈশোর প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্যশিক্ষামূলক সেবা<br>• রেফারেল সেবা: প্রয়োজনে যে কোনো রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ |
| কমিউনিটি ক্লিনিক | ➤ পরিবার কল্যাণ সহকারি (FWA)<br>➤ কম্যুনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (CHCP)<br>➤ স্বাস্থ্য সহকারী (HA) | • প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা<br>• মা ও শিশুস্বাস্থ্য পরিচর্যা<br>• পুষ্টি শিক্ষা<br>• পরিবার পরিকল্পনা সেবা<br>• কৈশোর প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্যশিক্ষামূলক সেবা<br>• রেফারেল সেবা: প্রয়োজনে যে কোনো রোগীকে উচ্চতর সেবাকেন্দ্রে প্রেরণ |

আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

UNFPA
জাতিসংঘ জনসংখ্যা তহবিল